

## চারিতে ভূয়া ভর্তি : জড়িত ৪ কর্মকর্তা আরও ১০ শিক্ষার্থী শনাক্ত

### বিশ্ববিদ্যালয় বাণী পরিবেশক

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভূয়া ভর্তি নিয়ে ৪ কর্মকর্তার জড়িত থাকার প্রমাণ মিলেছে। ভূয়া ভর্তির সিন্ডিকেটের সঙ্গে জড়িত ওই কর্মকর্তারাও যোচা অস্ত্রের টাকার বিনিময়ে ছাত্রছাত্রী ভর্তি করাত। তথ্যানুসন্ধানে কমিটি এসব তথ্য পেয়েছে। ভূয়া ভর্তি

প্রক্রিয়ার সঙ্গে জড়িত ৪ কর্মকর্তার বিরুদ্ধে বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট শাস্তিমূলক ব্যবস্থা নেবে বলে জানা গেছে। অভিযুক্ত ৪ কর্মকর্তা হলেন- হিসাব শাখার প্রধান সহকারী কাজী জাহিরুল ইসলাম, একই শাখার আমিনুল ইসলাম, ব্যবস্থাপনা শিক্ষা বিভাগের আনোয়ার উল্লাহ ও ভর্তি শাখা প্রধান সহকারী মোহাম্মদ শহীদুল্লাহ।

এদিকে আরও ১০ ভূয়া শিক্ষাকে চিহ্নিত করেছে ভূয়া ভর্তি সংক্রান্ত তথ্যানুসন্ধান কমিটি। তাদের পিগরিই কারণ দর্শানো নোটিশ দেয়া হবে কমিটির প্রধান উপ-উপাচার্য অধ্যাপক আ ফ ম ইউনুস হায়দার জানিয়েছেন।

এ ব্যাপারে অধ্যাপক আ ফ ম ইউনুস হায়দার বলেন, যারা অবৈধ ভর্তি প্রক্রিয়ার সঙ্গে যুক্ত তাদের কঠোর শাস্তি দেয়ার সুপারিশ করা হবে। একই সঙ্গে যারা নির্দেশ তারা যেন হয়রানির শিকার না হয় সেদিকে লক্ষ রাখা হবে।

জানা গেছে, গতকাল রোববার দুপুরে তথ্যানুসন্ধান কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। গত বৃহস্পতিবার আবদুল আলিম নামে এক ছাত্রের অভিযোগের পরিপ্রেক্ষিতে এ সভা ডাকা হয়। এই ছাত্রই প্রথম প্রকাশ

করে প্রশাসনিক ভবনের কর্মকর্তাদের নাম। কমিটি সূত্রে জানা গেছে, সংশ্লিষ্ট বিভাগ, তিনই শাখা ও ভর্তি শাখার কিছু কর্মকর্তার যোগসাজশে অবৈধ ভাবে শিক্ষার্থী ভর্তি হয়। গত দু'বছর ধরে এই সিন্ডিকেটটি সক্রিয় রয়েছে। তারা শিক্ষার্থীদের দুর্বলতাকে শনাক্ত : পৃ. ১১ ক: ১

### শনাক্ত : শিক্ষার্থী (১২ পৃষ্ঠার পর)

কাজে লালিত্য গতিয়ে নিচ্ছে লাখ লাখ টাকা। এই সিন্ডিকেটের কয়েকজন চিহ্নিত হয়েছে বাকি সবাই ধরা পড়বে বলে কমিটি আশা করছে।

এদিকে নতুন ১০ ভূয়া শিক্ষার্থীর মধ্যে অর্থনীতি বিভাগের একজন, আওতাধিক সম্পর্ক বিভাগের তিনজন, লোক প্রশাসনের তিনজন, সুপোল ও পরিবেশ বিভাগের দু'জন, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের একজনকে চিহ্নিত করা হয়েছে।